বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোন ঃ ৯৫৫৭৯৮৮
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১-২২
৯৫৬০০৩১-৩৫
(এক্সটেনশন-৩৪৪)
E-mail ঃ dgmpid@krishibank.org.bd

প্রকল্প বাস্তবায়ন বিভাগ

পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি)পরিপত্র নং-২৬/২০১০

তারিখ ঃ ১৬/০৮/১৪১৭ বঙ্গাব্দ
৩০/১১/২০১০ খ্রিষ্টাব্দ

**বিষয় ঃ ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা-২০১০ প্রসংগে।**

বাংলাদেশের মতো একটি উন্নয়নশীল দেশের সার্বিক অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) খাতের একটি উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। শ্রমঘন (labour intensive) এবং উৎপাদন সময়কাল (gestation period) স্বল্প হওয়ায় খাতটি জাতীয় আয় বৃদ্ধি ও ব্যাপক কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনে দ্রুত অবদান রাখতে সক্ষম। সরকার এসএমই খাতের উন্নয়নকে শিল্পায়নের চালিকাশক্তি হিসেবে গ্রহন করে এ খাতকে অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত করেছে। সম্প্রতি বাংলাদেশ ব্যাংক এসএমই খাতের সার্বিক উন্নয়ন এবং এ খাতে অর্থায়নের লক্ষ্যে দেশের ব্যাংকসমূহের জন্য ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ নীতিমালা ও কর্মসূচি প্রনয়ন করে সকল ব্যাংকে প্রেরন করেছে এবং উক্ত নীতিমালা ও কর্মসূচির আলোকে ব্যাংকগুলোকে এসএমই খাতে ঋণ বিতরনের জন্য অনুরোধ করা হয়েছে।

০২। বাংলাদেশ ব্যাংকের ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) নীতিমালা ও কর্মসূচির আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য এসএমই খাতে ঋণ বিতরনের লক্ষ্যে নতুন করে ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা-২০১০ প্রনয়ন করা হয়েছে। এ ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা-২০১০ ব্যাংকের পরিচালনা পর্ষদের ২৭/১০/২০১০ তারিখে অনুষ্ঠিত ৫২১ তম সভায় অনুমোদন করা হয়েছে। পরিচালনা পর্ষদ অনুমোদিত বাংলাদেশ কৃষি ব্যাংকের এসএমই ঋণ নীতিমালা-২০১০ সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসংগে প্রেরন করা হলো।

০৩। এখন হতে ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা-২০১০ অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের এসএমই খাতে ঋণ বিতরন, আদায়, পরিধারনসহ সার্বিক এসএমই ঋণ কার্যক্রম পরিচালিত হবে। এই নীতিমালা অনুযায়ী ব্যাংকের এসএমই ঋণ মঞ্জুর, বিতরন, আদায়, মনিটরিংসহ এসএমই ঋণের সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

০৪। অবিলম্বে এই নীতিমালা কার্যকর হবে। এই পরিপত্র জারীর সাথে সাথে এসএমই ঋণ নীতিমালা সংক্রান্ত ১৭/১০/২০০৭ তারিখে জারীকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১১/২০০৯ ও ২৭/০৬/২০০৮ তারিখে জারীকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০১/২০০৮ সহ অন্যান্য পত্র বাতিল বলে গন্য হবে। এই নীতিমালায় বর্ণিত কোন বিষয়ে ব্যাখ্যার প্রয়োজন হলে প্রকল্প বাস্তবায়ন বিভাগের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
সংযুক্তি ঃ বর্ণনামতে।

(মাসুদ আহমদ খান)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোন ঃ ৭১৬১৭৫৩

নং-বিকেবি-প্রকা/প্রবাবি-৩(৬৩)/২০১০-১১/৩৬৮(১২৫০) তারিখ ঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি ঃ
০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়দ্বয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সচিব, পর্ষদ সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। অধ্যক্ষ, বাংলাদেশ কৃষি ব্যাংক, ট্রেনিং ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি/মহানথি।

(মোঃ জালাল উদ্দিন)
উপ-মহাব্যবস্থাপক

ফোন ঃ ৯৫৫৭৯৮৮

# ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা-২০১০

এস এম ই সেল

প্রকল্প বাস্তবায়ন বিভাগ

বাংলাদেশ কৃষি ব্যাংক

# সূচিপত্র


| ক্রঃ নঃ | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১. | ভূমিকা | ০১ |
| ০২. | এসএমই খাতের উন্নয়নে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা | ০১ |
| ০৩. | এসএমই এর সংজ্ঞা | ০২ |
| ০৪. | এসএমই ঋণের উদ্দেশ্য | ০৩ |
| ০৫. | এসএমই ঋণের লক্ষ্যমাত্রা | ০৩ |
| ০৬. | এরিয়া এপ্রোচ পদ্ধতির ব্যবহার | ০৩ |
| ০৭. | ক্লাষ্টার ডেভেলপমেন্ট পলিসি | ০৩ |
| ০৮. | ক্ষুদ্র উদ্যোক্তাদের অগ্রাধিকার | ০৪ |
| ০৯. | শিল্প (ম্যানুফ্যাকচারিং) ও সার্ভিস খাতকে অগ্রাধিকার | ০৪ |
| ১০. | নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার | ০৪ |
| ১১. | ঋণের অনুমোদিত খাত | ০৫ |
| ১২. | এসএমই ঋণ বিতরনকারী শাখা | ০৫ |
| ১৩. | এসএমই সেল | ০৫ |
| ১৪. | উদ্যোক্তদের যোগ্যতা | ০৬ |
| ১৫. | প্রকল্পের মালিকানার ধরন | ০৬ |
| ১৬. | ঋণের ধরন ও মেয়াদ | ০৬ |
| ১৭. | ঋণসীমা | ০৬ |
| ১৮. | ঋণ-ইকুইটি অনুপাত | ০৬ |
| ১৯. | জামানত | ০৭ |
| ২০. | সুদের হার | ০৭ |
| ২১. | ঋণ মঞ্জুরী ক্ষমতা | ০৭ |
| ২২. | প্রধান কার্যালয় পর্যায়ে এসএমই ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরন | ০৭ |
| ২৩. | এসএমই ঋণের তহবিল | ০৭ |
| ২৪. | ঋণ বিতরন পদ্ধতি | ০৮ |
| ২৫. | যন্ত্রপাতি সংগ্রহের নীতিমালা ও পদ্ধতি | ০৮ |
| ২৬. | ঋণের পরিশোধসূচি | ০৮ |
| ২৭. | গ্রেস পিরিয়ড | ০৮ |
| ২৮. | ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরনের সময়সীমা | ০৮ |
| ২৯. | উদ্যোক্তা নির্বাচন ও ঋণ প্রস্তাব মূল্যায়ন | ০৮ |
| ৩০. | ঋণ আবেদনপত্রের সাথে প্রদেয় কাগজপত্রের তালিকা (চেকলিষ্ট) | ০৯ |
| ৩১. | এসএমই ঋণে ব্যবহৃত ফরম, মূল্য ও ফি | ০৯ |
| ৩২. | সর্বোচ্চ ঋণসীমা নির্নয় | ০৯ |
| ৩৩. | ঋণের আবেদনপত্র গ্রহন ও প্রক্রিয়াকরন | ১০ |
| ৩৪. | প্রশিক্ষন কর্মসূচি | ১০ |
| ৩৫. | এসএমই ঋণ কার্যক্রম মনিটরিং | ১০ |
| ৩৬. | শাখা পর্যায়ে বিশেষ করনীয় | ১১ |
| ৩৭. | এসএমই ঋণ বিতরনকালে গ্রাহকের মোবাইল নম্বর সংরক্ষন | ১১ |
| ৩৮. | তথ্যের সহজলভ্যতা | ১২ |
| ৩৯. | প্রনোদনা | ১২ |
| ৪০. | বিবরনী প্রেরন | ১২ |
| ৪১. | এসএমই ঋণের রিপোর্টিং | ১২ |
| ৪২. | ঋণের একাধিকতা নিরোধ | ১২ |
| ৪৩. | ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা | ১২ |
| ৪৪. | ঋণ আদায় | ১৩ |
| ৪৫. | ঋণের দলিলায়ন | ১৩-১৫ |
| ৪৬. | এসএমই ঋণের অন্যান্য বিষয় | ১৫ |

# সংযোজনীসমূহ


| সংযোজনী | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| সংযোজনী-ক | অনুমোদিত ক্লাষ্টার খাত | ১৭-১৮ |
| সংযোজনী-খ | উপজেলা ভিত্তিক অনুমোদিত খাত | ১৯-৩৬ |
| সংযোজনী-গ | সকল শাখার জন্য অনুমোদিত খাত | ৩৭-৩৮ |
| সংযোজনী-ঘ | ঋণ আবেদনপত্রের সাথে প্রদেয় কাগজপত্রের তালিকা (চেকলিষ্ট) | ৩৯-৪১ |
| সংযোজনী-ঙ | বিবরনী | ৪২ |

# বাংলাদেশ কৃষি ব্যাংকের এসএমই ঋণ নীতিমালা-২০১০

০১. *ভূমিকা* ঃ

গ্রাম বাংলার মানুষের ভাগ্যোন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক প্রতিষ্ঠালগ্ন থেকে কৃষি ও কৃষির সাথে সম্পৃক্ত যে কোন কর্মকান্ডে ঋণ সহায়তা প্রদান করে আসছে। সেই সাথে দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য গৃহীত সরকারের নীতি ও কৌশল বাস্তবায়নে সবসময় অগ্রনী ভূমিকা পালন করেছে। বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের মানুষের ভাগ্যোন্নয়নে ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজের ভূমিকা অনস্বীকার্য। বর্তমান সরকার এসএমই (Small & Medium Enterprieses) খাতের উন্নয়নকে শিল্পায়নের চালিকা শক্তি হিসেবে গ্রহন করে এ খাতকে অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত করেছে। কেননা এ খাতটি শ্রমঘন (Labour Intensive) এবং উৎপাদন সময়কাল (Gestation Period) স্বল্প হওয়ায় জাতীয় আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিতে দ্রুত অবদান রাখতে সক্ষম। বাংলাদেশের মত একটি উন্নয়নশীল দেশ যা বিশ্বের সবচেয়ে ঘনবসিতপূর্ণ, যেখানে বেকার সমস্যা অত্যন্ত প্রকট সেখানে সার্বিক অর্থনৈতিক উন্নয়নে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের কোন বিকল্প নেই। তাছাড়া, সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য সমূহ (MDGs), ভিশন-২১ (Vision-21) বাস্তবায়ন বিশেষ করে চরম দারিদ্র্য ও ক্ষুধা নির্মুল করা এবং নারী পুরুষের সমতা ও নারীর ক্ষমতায়নে এ খাত ব্যাপক ভূমিকা রাখতে সক্ষম। সে কারনেই বাংলাদেশ ব্যাংক দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, আয় বৈষম্য কমিয়ে আনা, দারিদ্র্য বিমোচন, প্রভৃতি লক্ষ্য অর্জনের হাতিয়ার হিসেবে ক্ষুদ্র ও মাঝারি শিল্প কে বেছে নিয়েছে এবং এ খাতে উন্নয়নের অংশ হিসেবে ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা ও কর্মসূচি প্রনয়ন করেছে। বাংলাদেশ সরকারের শিল্পনীতি-২০০৫, SMEs উন্নয়ন বিষয়ক সরকারের নীতি কৌশল এবং বাংলাদেশ ব্যাংকের ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা ও কর্মসূচির আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) এর এসএমই ঋণ কার্যক্রমকে অধিকতর গতিশীল ও ফলপ্রসু করার লক্ষ্যে বিকেবি কর্তৃক এই সংশোধিত/পরিবর্তিত ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

এই সংশোধিত নীতিমালার আলোকে এখন হতে বিকেবি'র এসএমই ঋণ কার্যক্রম পরিচালিত হবে। এই নীতিমালার আওতায় উদ্যোক্তাদের ঋণের আবেদনপত্র গ্রহন করা থেকে ক্ষুদ্র ও মাঝারি শিল্প/ব্যবসা প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনাসহ এসএমই সংশ্লিষ্ট সকল কার্যক্রম পরিচালিত হবে, যাতে নির্বাচিত উদ্যোক্তাগন কোন বিড়ম্বনা ব্যতিরেকে যৌক্তিক সময়ের মধ্যে ঋণ পায় এবং ব্যাংক ঋণের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে ঋণ আদায় নিশ্চিত হয়।

০২. *এসএমই খাতের উন্নয়নে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা* ঃ

এসএমই খাতের উন্নয়নে বাংলাদেশ ব্যাংক দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য বেশ কিছু নির্দেশনা প্রদান করেছেন। বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত নির্দেশনা নিম্নরূপ ঃ

- এসএমই খাতকে অর্থনৈতিক উন্নয়নের অন্যতম এজেন্ডা বিবেচনায় ২০১০ সাল থেকে প্রথমবারের মতো ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক এসএমই ঋণ বিতরণের নির্দেশিত লক্ষ্যমাত্রা (Indicative Target) নির্ধারন করা হয়েছে। নির্ধারিত এ লক্ষ্যমাত্রা অনুযায়ী ক্ষুদ্র, মাঝারি ও মহিলা উদ্যোক্তা ভিত্তিক এসএমই ঋণ বিতরন করতে হবে।
- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো এ ক্ষেত্রে এরিয়া এপ্রোচ ভিত্তিতে তাদের নির্দেশিত লক্ষ্যমাত্রাকে শাখাওয়ারী, জেলাওয়ারী এবং খাতওয়ারী বিভাজনপূর্বক তা পৃথক পৃথকভাবে অর্জনের প্রচেষ্টা গ্রহন করবে।
- ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের সুবিধার্থে প্রতিটি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এ খাতে অর্থায়নে আলাদা ব্যবসায়িক কৌশল (Business Strategy) নেয়াসহ ঋণ মঞ্জুরী প্রক্রিয়া দ্রুত ও সহজীকরনার্থে দলিলাদি সম্পাদনে যথাসম্ভব স্বল্প আনুষ্ঠানিকতা অনুসরন করবে।

- মাঝারি এন্টারপ্রাইজের চেয়ে ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্যে ঋণ বিতরনে অগ্রাধিকার দিতে হবে।
- ক্ষুদ্র উদ্যোক্তা খাতে ঋণের সীমা টাকা ৫০,০০০/- হতে টাকা ৫০,০০,০০০/- নির্ধারিত থাকবে।
- দেশের শিল্প উন্নয়নে নারী উদ্যোক্তাদের অংশ গ্রহন বৃদ্ধি এবং অধিক সংখ্যক নারী উদ্যোক্তাদের ব্যবসায়িক কর্মকান্ড পরিচালনার জন্যে ঋণ প্রাপ্তি নিশ্চিত করতে নারী উদ্যোক্তাদের এসএমই ঋণ বিতরনে অগ্রাধিকার দিতে হবে।
- ক্ষুদ্র ও মাঝারি মহিলা শিল্প উদ্যোক্তাদের সকল ধরনের ঋণ আবেদনপত্রসমূহ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহন ও নিস্পত্তি করবে এবং আবেদন প্রাপ্তির তারিখ হতে একটি যৌক্তিক সময়ের মধ্যে অর্থায়নকারী প্রতিষ্ঠান কর্তৃক তা নিস্পত্তি করতে হবে।
- প্রতিটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান আবশ্যিকভাবে স্বতন্ত্র 'Women Entrepreneur's Dedicated Desk' স্থাপন ও তাতে প্রয়োজনীয় উপযুক্ত জনবল নিয়োগ করে তাদেরকে এসএমই খাতে অর্থায়নে সহায়ক ও প্রয়োজনীয় প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহন এবং উক্ত dedicated desk এর প্রধান হিসেবে সম্ভব হলে 'নারী কর্মকর্তা' নিয়োগ করবে। এই কর্মসূচি জারির দুই মাসের মধ্যে শাখাওয়ারী 'Women Entrepreneur's Dedicated Desk' এর তালিকা এ বিভাগে প্রেরন করতে হবে।
- বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো মহিলা উদ্যোক্তাদের ব্যক্তিগত গ্যারান্টিকে জামানত হিসেবে বিবেচনা করে ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত প্রদত্ত ঋণ সুবিধা সহায়ক জামানত ব্যতিরেকে প্রদান করতে পারবে। এক্ষেত্রে **গ্রুপ জামানত** বা **সামাজিক জামানত** গ্রহনের বিষয়টি ব্যাংক বিবেচনা করবে।
- এসএমই খাতে ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা অর্জনের সফলতাকে সংশ্লিষ্ট ব্যাংকের নতুন শাখা খোলার ক্ষেত্রে অন্যতম ইতিবাচক মাপকাঠি হিসেবে বিবেচনা করা হবে। উল্লেখ্য, এসএমই ও কৃষির ন্যায় অর্থনীতির অগ্রাধিকার খাতের অর্থায়নে ব্যাংকগুলোকে অধিকতর সম্পৃক্ত করার লক্ষ্যে ২০১০ সাল থেকে 'এসএমই সার্ভিস সেন্টার' এর পরিবর্তে' এসএমই/কৃষি শাখা' নামে ব্যাংকগুলোকে লাইসেন্স ইস্যু করা হবে।
- এসএমই ঋণের উপর ব্যাংকসমূহ নিজেরাই সংশ্লিষ্ট খাত/উপখাতে ঋণের সুদের হার নির্ধারন করবে। তবে, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা পর্যায়ে প্রযোজ্য এসএমই ঋণের উপ-খাতওয়ারী সুদের হার সংশ্লিষ্ট ব্যাংকগুলো অনতিবিলম্বে বাংলাদেশ ব্যাংককে অবহিত করবে। ব্যাংক রেটে গৃহীত পুনঃঅর্থায়নকৃত তহবিল গ্রাহক পর্যায়ে (নারী উদ্যোক্তার ক্ষেত্রে) ব্যাংক রেট + ৫% সুদ হারে বিতরন নিশ্চিত করতে হবে।
- উদ্যোক্তাদের প্রশিক্ষনের ব্যবস্থা করতে হবে।

০৩. *এসএমই এর সংজ্ঞা ঃ*

ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের বর্তমান প্রচলিত সংজ্ঞাটি সরকারের শিল্প মন্ত্রনালয় ও বাংলাদেশ ব্যাংক অভিন্ন সংজ্ঞা হিসেবে চালু করেছে। বাংলাদেশ কৃষি ব্যাংকেও উক্ত সংজ্ঞা চালু থাকবে এবং শাখাসমূহ উক্ত সংজ্ঞা অনুযায়ী এসএমই খাতে ঋণ প্রদান করবে। নিম্নে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের সংজ্ঞার নিয়ামকগুলো দেয়া হ'ল ঃ

০৩.১. *স্মল এন্টারপ্রাইজের সংজ্ঞা ঃ*

স্মল এন্টারপ্রাইজ বলতে এমন প্রতিষ্ঠানকে বুঝাবে যা কোন পাবলিক লিমিটেড কোম্পানী নয় এবং নিম্নোক্ত নিয়ামকগুলো পূরণ করে ঃ

| ক্রঃ নঃ | খাত | ভূমি ও ইমারত ব্যতীত স্থায়ী সম্পদের পরিমান | কর্মরত লোকবল (অনূর্ধ্ব) |
|---|---|---|---|
| (ক) | সেবা খাত | ৫০,০০০ - ৫০,০০,০০০ | ২৫ জন |
| (খ) | ব্যবসা খাত | ৫০,০০০ - ৫০,০০,০০০ | ২৫ জন |
| (গ) | শিল্প খাত | ৫০,০০০ - ১৫০,০০,০০০ | ৫০ জন |

০৩.২. *মিডিয়াম এন্টারপ্রাইজের সংজ্ঞা ঃ*

মিডিয়াম এন্টারপ্রাইজ বলতে এমন প্রতিষ্ঠানকে বুঝাবে যা কোন পাবলিক লিমিটেড কোম্পানী নয় এবং নিম্নোক্ত নিয়ামকগুলো পূরণ করে ঃ

| ক্রঃ নঃ | খাত | ভূমি ও ইমারত ব্যতীত স্থায়ী সম্পদের পরিমান | কর্মরত লোকবল (অনূর্ধ্ব) |
|---|---|---|---|
| (ক) | সেবা খাত | ৫০,০০,০০০ - ১০,০০,০০,০০০ | ৫০ জন |
| (খ) | ব্যবসা খাত | ৫০,০০,০০০ - ১০,০০,০০,০০০ | ৫০ জন |
| (গ) | শিল্প খাত | ১৫০,০০,০০০ - ২০,০০,০০,০০০ | ১৫০ জন |

০৪. *এসএমই ঋণের উদ্দেশ্য ঃ*

(ক) এসএমই খাতকে কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র বিমোচন, আয় বৈষম্য কমিয়ে আনা এবং সর্বোপরি অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের ক্ষেত্রে প্রধান চালিকাশক্তি হিসেবে বিকাশের লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের নির্বিঘ্নে প্রয়োজনীয় ঋণ সুবিধা প্রদান।

(খ) যথাযথ অর্থায়নের মাধ্যমে প্রতিশ্রুতিশীল ও যোগ্য ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা শ্রেণী গড়ে তোলা।

(গ) শিল্প ও বানিজ্যের ক্ষেত্রে নারী উদ্যোক্তাদেরকে অধিকতর আর্থিক সহায়তা প্রদান করা।

(ঘ) ঋণকে relationship banking নির্ভর করে ঋণ প্রদান ও আদায়ের প্রবাহ সৃষ্টি করা।

(ঙ) মেধা সম্পদকে venture capital এর বিকল্প হিসেবে গড়ে উঠতে সহায়তা করা এবং নতুন ও উদ্ভাবনশীল উদ্যোক্তা অর্থায়নে কৌশল সৃষ্টি করা।

০৫. *এসএমই ঋণের লক্ষ্যমাত্রা ঃ*

এসএমই খাতকে অর্থনৈতিক উন্নয়নের অন্যতম এজেন্ডা বিবেচনায় প্রত্যেক অর্থ বছরে ব্যাংকের প্রধান কার্যালয় কর্তৃক বাৎসরিক ঋণ বিতরনের লক্ষ্যমাত্রার সাথে এসএমই ঋণের লক্ষ্যমাত্রা নির্ধারন করতে হবে। নির্ধারিত এ লক্ষ্যমাত্রা অনুযায়ী ক্ষুদ্র, মাঝারি ও মহিলা উদ্যোক্তা ভিত্তিক এসএমই ঋণ বিতরন করতে হবে। ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা ভিত্তিক খাতওয়ারী এবং অঞ্চল ও শাখাওয়ারী লক্ষ্যমাত্রা প্রণয়নপূর্বক বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগে এবং বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট শাখা অফিসে প্রেরন করতে হবে। এজন্য বিভাগগুলো অঞ্চলের মাধ্যমে শাখার বিতরনের লক্ষ্যমাত্রা বন্টনের পরে প্রধান কার্যালয়ের এসএমই সেলকে অবহিত করবে।

০৬. *এরিয়া এপ্রোচ পদ্ধতির ব্যবহার ঃ*

কৃষি ঋণের মতো এসএমই খাতের জন্যেও area approach পদ্ধতি ব্যবহার করা হবে। অঞ্চল ভিত্তিক শিল্প উৎপাদন, শিল্পের ধরন অর্থাৎ যে এলাকা যে শিল্পের জন্য বিখ্যাত বা ভৌগোলিক কারণে যে এলাকায় যে শিল্প গড়ে উঠেছে, সে এলাকার ব্যাংক শাখাগুলো ঐ শিল্পগুলোকে গুরুত্ব দিয়ে area approach পদ্ধতিতে এসএমই ঋণ বিতরন করবে। এসএমই খাতে অর্থায়নের জন্যে cluster based approach ব্যাংকের স্ব স্ব খাতে ঝুঁকি বিশ্লেষন এবং নিবিড় মনিটরিং এর ক্ষেত্রে সহায়ক।

০৭. *ক্লাষ্টার ডেভেলপমেন্ট পলিসি ঃ*

এসএমই খাতের বিকাশে ব্যাংক cluster development policy গ্রহণ করে বাংলাদেশ ব্যাংককে অবহিত করবে। এ ধরনের পলিসি গ্রহনের ক্ষেত্রে অন্য ব্যাংকগুলোর সহযোগিতা অথবা অন্য ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানগুলোর সহযোগিতা অথবা অন্য ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং এনজিওগুলোর সহায়তা নেয়া যেতে পারে। Cluster development policy গ্রহনের উদ্দেশ্য হলো বিদ্যমান cluster উন্নয়ন, প্রযুক্তিগত উন্নতি ও প্রসারের মাধ্যমে টেকসই ও প্রতিযোগিতামূলক সুবিধার উন্নয়ন, উদ্যোক্তাদের দক্ষতার উন্নয়ন, ঋণ ঝুঁকি হ্রাসকরন এবং সামগ্রিকভাবে প্রোডাক্ট ডেভেলপমেন্ট হতে শুরু করে প্রোডাক্ট মার্কেটিং বা বিপননে সহায়তা করা।

*Cluster development কৌশল নিম্নরূপ হতে পারে ঃ*

- Cluster চিহ্নিতকরন;
- Cluster development কমিটি গঠন;
- Base line survey & diagnostic study পরিচালনা;
- কর্মপন্থা নিধারন;
- কর্মপন্থা বাস্তবায়ন;
- পর্যালোচনা ও পরিবীক্ষন (review and monitoring).

০৮. *ক্ষুদ্র উদ্যোক্তাদের অগ্রাধিকার ঃ*

দেশে এসএমই উদ্যোগ/উদ্যোক্তার মধ্যে ক্ষুদ্র উদ্যোগেরই কর্মসংস্থান সৃষ্টি/বেকারত্ব লাঘব ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের সম্ভাবনা বেশী। এ প্রেক্ষিতে শাখাগুলো কর্তৃক এসএমই খাতে ঋণ বিতরনের লক্ষ্যমাত্রার অন্যুন ৪০% ক্ষুদ্র উদ্যোক্তাদের মাঝে বিতরন করবে। অবশিষ্ট অংশ মাঝারি উদ্যোক্তাদের মাঝে বিতরন করতে হবে।

০৯. *শিল্প (ম্যানুফ্যাকচারিং) ও সার্ভিস খাতকে অগ্রাধিকার ঃ*

দেশে কর্মসংস্থান ও উৎপাদন বৃদ্ধিতে সহায়ক পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সরকার ও বাংলাদেশ ব্যাংক ব্যবসা খাতের চেয়ে শিল্প ও সেবা খাতকে অগ্রাধিকার প্রদান করছে। তাই ব্যাংকের শাখাসমূহকে ব্যবসা খাতের চেয়ে শিল্প (ম্যানুফ্যাকচারিং) ও কৃষি ভিত্তিক সেবা খাতে ঋণ বিতরনে সচেষ্ট হতে হবে।

১০. *নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার ঃ*

বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় ৫০ শতাংশই নারী। জনসংখ্যার এ কাঠামোর কারণে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্যে অর্থনীতির মূল স্রোতে নারীদের অংশগ্রহণ একান্তভাবেই অপরিহার্য। দেশের দারিদ্র্য হ্রাসকরণের লক্ষ্যমাত্রা অর্জনের সাথেও বিষয়টি অঙ্গাঙ্গিভাবে জড়িত। কিন্তু প্রাতিষ্ঠানিক অর্থনৈতিক খাতে নারীদের অংশগ্রহনের মাত্রা এখনও অপ্রতুল এবং নারী উদ্যোক্তাদের হার পুরুষদের তুলনায় এখনও অনেক কম। অথচ, আমাদের নারী সমাজের নিষ্ঠা, অভিনিবেশ, উদ্ভাবন শক্তি ও শ্রম নিপুনতা রয়েছে। বিশেষ করে মাইক্রো ক্রেডিট কার্যক্রম ও পোশাক শিল্পে নারীদের অব্যাহত অংশগ্রহন শিল্পায়নে প্রভূত ভূমিকা রাখছে। একইভাবে বাংলাদেশের অর্থনীতির বিকাশে নারী উদ্যোক্তাদেরকে এসএমই খাতে অধিকতর অংশগ্রহন অপরিহার্য।

ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে (এসএমই) নারী উদ্যোক্তাদের জন্যে সহজ শর্তে অধিক প্রাতিষ্ঠানিক ও আর্থিক সবিধা নিশ্চিত করতে বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে বেশ কিছু পদক্ষেপ ও ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্যে অনুসরণীয় নীতিমালা জারী করেছে। এ প্রেক্ষিতে ব্যাংকঃ

(ক) দেশের শিল্প উন্নয়নকে সুষম ও সংগঠিত করার লক্ষ্যে এসএমই খাতে এই নীতিমালার অধীনে মহিলা উদ্যোক্তাদের জন্যে সহজ শর্তে অধিকতর প্রাতিষ্ঠানিক ঋণ সুবিধা প্রদানের ব্যবস্থা গ্রহন করেছে।

(খ) ক্ষুদ্র ও মাঝারি মহিলা উদ্যোক্তাদের সকল ধরনের ঋণ আবেদনপত্র সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ ও নিষ্পত্তি করবে।

(গ) নারী উদ্যোক্তাদের সুবিধাদির বিষয়ে সকল প্রকার প্রচার মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।

(ঘ) প্রধান কার্যালয়ের প্রকল্প বাস্তবায়ন বিভাগসহ ব্যাংকের কর্পোরেট শাখাসমূহে নারী উদ্যোক্তাদের জন্য বিশেষ পরামর্শ ও সেবা কেন্দ্র স্থাপন করবে এবং নারী উদ্যোক্তাদের সাথে সেবাবান্ধব আচরন নিশ্চিত করবে।

১০.১. *প্রকৃত নারী উদ্যোক্তা চিহ্নিতকরন ঃ*

প্রকৃত নারী উদ্যোক্তা চিহ্নিত করার জন্যে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), এসএমই ফাউন্ডেশন, অন্যান্য পেশাজীবী সংগঠন যেমন- হ্যান্ডলুম/হ্যান্ডিক্র্যাফটস এসোসিয়েশন/মহিলা সমিতি, বিভিন্ন নারী উদ্যোক্তা সংগঠন যেমন- বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (BWCCI)/চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ/উইমেন এন্ট্রারপ্রেনার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (WEAB)/বাংলাদেশ হোমওয়ার্কাস উইমেন এসোসিয়েশন (BHWA)/ ন্যাশনাল এসোসিয়েশন অব স্মল এন্ড কটেজ ইন্ডাস্ট্রিজ অব বাংলাদেশ (NASCIB) ইত্যাদি প্রতিষ্ঠানের সহযোগিতা গ্রহন করা যেতে পারে।

১১. *ঋণের অনুমোদিত খাত ঃ*

(ক) অনুমোদিত ক্লাষ্টার খাত ঃ

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী দেশের বিভিন্ন স্থানে গড়ে উঠা বিভিন্ন শিল্পের ক্লাষ্টার ভিত্তিক অর্থায়ন করার জন্য ক্লাষ্টার তালিকা দেয়া হলো (সংযোজনী-‘ক’)। উক্ত ক্লাষ্টারের বাইরে নতুন ক্লাষ্টার চিহ্নিত করা হলে প্রধান কার্যালয়ের অনুমোদন সাপেক্ষে উক্ত ক্লাষ্টারে অর্থায়ন করা যাবে।

(খ) উপজেলা ভিত্তিক অনুমোদিত খাত ঃ

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে উপজেলা ভিত্তিক এসএমই খাতের তালিকা প্রনয়ন করা হয়েছে (সংযোজনী-খ)। উক্ত তালিকা অনুযায়ী শাখাগুলো তাদের আওতাভূক্ত এলাকার জন্য নির্ধারিত খাতে ঋণ প্রদান করবে।

(গ) সকল শাখার জন্য অনুমোদিত খাত ঃ

ব্যাংকের সকল শাখার জন্য এসএমই খাতে অর্থায়নের জন্য একটি তালিকা প্রনয়ন করা হয়েছে (সংযোজনী-গ)। উক্ত তালিকায় উল্লেখিত খাতে ব্যাংকের সকল শাখা এসএমই ঋণ প্রদান করতে পারবে।

১২. *এসএমই ঋণ বিতরনকারী শাখা ঃ*

বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা থেকে এসএমই ঋণ প্রদান করা যাবে।

১৩. *এসএমই সেল ঃ*

উদ্যোক্তাদের সাথে পারস্পারিক আলোচনার ভিত্তিতে উদ্যোক্তাদের যোগ্যতা যাচাইয়ের মাধ্যমে সম্ভাব্য উদ্যোক্তা নির্বাচন, এসএমই ঋণ প্রস্তাবনার বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান, ব্যাংক এর ঋণ নীতিমালা, এসএমই সংক্রান্ত বিষয়ে সরকার এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রবর্তিত যাবতীয় নীতিমালা, শিল্পনীতি, আমদানী ও রপ্তানী নীতি সম্পর্কে অবহিতকরন, প্রস্তাবিত ক্ষুদ্র ও মাঝারি শিল্পে উৎপাদিত দ্রব্য বাজারজাতকরন সম্পর্কে ধারনা প্রদান, সুদের হার, ঋণ পরিশোধ পদ্ধতি ইত্যাদি সম্পর্কে সুস্পষ্ট ধারনা প্রদানসহ সম্ভাব্য উদ্যোক্তা তৈরীতে সহায়তার জন্য প্রধান কার্যালয়ের প্রকল্প বাস্তবায়ন বিভাগের পাশাপাশি সকল বিভাগীয় কার্যালয়, স্থানীয় মুখ্য কার্যালয়, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহে নিম্নোক্ত পদমর্যাদার কর্মকর্তার সমন্বয়ে গঠিত “এসএমই সেল” কর্মরত থাকবে ঃ

| ক্রঃ নঃ | প্রধান কার্যালয়, প্রকল্প বাস্তবায়ন বিভাগ | বিভাগীয় কার্যালয় | স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় |
|---|---|---|---|
| (১) | সহকারী মহাব্যবস্থাপক ঃ ১ জন | উপ-মহাব্যবস্থাপক (পরিচালন)/ সহকারী মহাব্যবস্থাপক ঃ ১ জন | সহকারী মহাব্যবস্থাপক/ উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ঃ ১ জন |
| (২) | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ঃ ১ জন | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ঃ ১ জন | মুখ্য কর্মকর্তা/ উর্ধ্বতন কর্মকর্তা ঃ ১ জন |
| (৩) | মুখ্য কর্মকর্তা ঃ ১ জন | মুখ্য কর্মকর্তা/ উর্ধ্বতন কর্মকর্তা ঃ ১ জন | |

বিভিন্ন কার্যালয়ে গঠিত এসএমই সেল একই সাথে নারী উদ্যোক্তাদের জন্য বিশেষ পরামর্শ ও সেবা কেন্দ্র হিসাবে কাজ করবে এবং নারী উদ্যোক্তাদের প্রয়োজনীয় সহায়তা ও পরামর্শ প্রদান করবে।

১৪. *উদ্যোক্তাদের যোগ্যতা ঃ*

(ক) বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) ১৮ বছরের উর্ধ্বে বয়স হতে হবে এবং ৬০ বছরের বেশী হওয়া যাবে না (দেউলিয়া, মাদকাসক্ত, উম্মাদ ও জড় বুদ্ধিসম্পন্ন নন এমন ব্যক্তি)।

(গ) সংশ্লিষ্ট বিষয়ে পেশাদারী অভিজ্ঞতা, ব্যবস্থাপনায় দক্ষ, প্রয়োজনীয় মুলধনের অধিকারী, আর্থিকভাবে স্বচ্ছল, ঋণ পরিশোধের অনুকুল মনোভাবাপন্ন, কারিগরী ও বাজার সম্পর্কিত জ্ঞানসম্পন্ন সম্ভাব্য ঋণ গ্রহীতা বাছাইয়ের ক্ষেত্রে প্রশিক্ষন প্রাপ্ত বেকার যুবক ও যুব মহিলাসহ মহিলা উদ্যোক্তাদের অগ্রাধিকার দেয়া যাবে।

(ঘ) ঋণ ব্যবহারের যোগ্যতাসহ ঋণ পরিশোধের ক্ষমতা এবং সামাজিক ও অর্থনৈতিক আচরনে সুনামের অধিকারী হতে হবে।

(ঙ) বাংলাদেশ ব্যাংক হতে গ্রহনযোগ্য সিআইবি (CIB) তথ্য থাকতে হবে।

(চ) ব্যাংকের পরিচালক, কর্মচারী অথবা তাদের পরিবারের সদস্যদের যদি কোন এসএমই-তে ৫% ও এর অধিক শেয়ার থাকে সেক্ষেত্রে উক্ত ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজকে ঋণ দেয়া যাবে না।

(ছ) সাধারনভাবে খেলাপী ঋণ গ্রহীতাগন নুতন ঋণ পাবার যোগ্য বিবেচিত হবেন না। এসএমই খাতে সরাসরি নিয়োজিত প্রকৃত উদ্যোক্তাগন এসএমই ঋণ প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবে।

১৫. *প্রকল্পের মালিকানার ধরন ঃ*

(ক) প্রোপাইটরশীপ/স্বত্ত্বাধিকারী/একক মালিকানা।

(খ) পার্টনারশীপ/অংশীদারী।

(গ) প্রাইভেট লিমিটেড কোম্পানী।

(ঘ) পাবলিক লিমিটেড কোম্পানী ব্যতীত যৌথ উদ্যোগ (Joint venture)

১৬. *ঋণের ধরন ও মেয়াদ ঃ*

(ক) চলতি মুলধন/নগদ ঋণ - স্বল্প মেয়াদী (১২ মাস পর্যন্ত)।

(খ) মেয়াদী/প্রকল্প ঋণ - মেয়াদী (১২ মাসের বেশী, অনুর্ধ ৫ বছর)।

১৭. *ঋণসীমা ঃ*

প্রকল্প/মেয়াদী ঋণ ঃ

স্মল এন্টারপ্রাইজ (সেবা ও ব্যবসা) ঃ ৫০,০০০/- টাকা থেকে ৫০.০০ লক্ষ টাকা

স্মল এন্টারপ্রাইজ (শিল্প/উৎপাদন)ঃ ৫০,০০০/- টাকা থেকে ১০০.০০ লক্ষ টাকা

মিডিয়াম এন্টারপ্রাইজ (সেবা ও ব্যবসা) ঃ ৫০.০০ লক্ষ টাকার উর্ধ্ব থেকে ১০০০.০০ লক্ষ টাকা

মিডিয়াম এন্টারপ্রাইজ (শিল্প/উৎপাদন) ঃ ১০০.০০ লক্ষ টাকার উর্ধ্ব থেকে ১৫০০.০০ লক্ষ টাকা

চলতি মুলধন/নগদ ঋণ ঃ

স্মল এন্টারপ্রাইজ (সেবা ও ব্যবসা) ঃ ৫০,০০০/- টাকা থেকে ৫০.০০ লক্ষ টাকা

স্মল এন্টারপ্রাইজ (শিল্প/উৎপাদন)ঃ ৫০,০০০/- টাকা থেকে ১০০.০০ লক্ষ টাকা

মিডিয়াম এন্টারপ্রাইজ (সেবা ও ব্যবসা) ঃ ৫০.০০ লক্ষ টাকার উর্ধ্ব থেকে ১০০০.০০ লক্ষ টাকা

মিডিয়াম এন্টারপ্রাইজ (শিল্প/উৎপাদন) ঃ ১০০.০০ লক্ষ টাকার উর্ধ্ব থেকে ১৫০০.০০ লক্ষ টাকা।

১৮. *ঋণ-ইকুইটি অনুপাত ঃ*

(ক) প্রকল্প/মেয়াদী ঋণের ক্ষেত্রে ঋণ-ইকুইটির অনুপাত হবে ৬০ ঃ ৪০।

(খ) চলতি মুলধন/নগদ ঋণের ক্ষেত্রে ঋণ-ইকুইটির অনুপাত হবে মোট চলতি মুলধনের ৭০ ঃ ৩০।

১৯. *জামানত ঃ*

| ক্রঃ নঃ | ঋণসীমা | জামানতের প্রকৃতি |
|---|---|---|
| (১) | ক্ষুদ্র ও শুধুমাত্র মহিলা উদ্যোক্তাদের জন্য ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত | (ক) জমি, বিল্ডিং প্রভৃতি স্থাবর সম্পত্তি জামানত/সহায়ক জামানতের প্রয়োজন নেই। |
| | | (খ) একক মালিক (স্বত্বাধিকারী)/অংশীদার/পরিচালকদের ব্যক্তিগত জামানত (personal gurantee) |
| | | (গ) ব্যাংকের নিকট গ্রহনযোগ্য স্বামী/স্ত্রী/পিতাসহ পরিবারের একজন স্বচ্ছল সদস্য এবং অন্য একজন আর্থিকভাবে সমর্থবান ও সামাজিক সুনামের অধিকারী তৃতীয় পক্ষের ব্যক্তিগত জামানত। |
| | | (ঘ) প্রকল্প/ব্যবসার সকল সম্পদের (মজুদ পন্য, রিসিভেবল, প্লান্ট ও মেশিনারী, প্রভৃতি) উপর হাইপোথিকেশন। |
| | | (ঙ) ঋণের প্রতিটি কিস্তির জন্য ভবিষ্যতে নগদায়নযোগ্য কিস্তির সংখ্যানুযায়ী অগ্রিম চেক এবং সুদসহ সম্পূর্ণ ঋণসীমার জন্য একটি তারিখবিহীন চেক। |
| (২) | ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে | উপরোক্ত খ ও ঘ নং সহ নিম্নবর্ণিত জামানত |
| | | (ক) প্রকল্পটি/ব্যবসাটি নিজস্ব ভূমিতে স্থাপিত হলে প্রকল্প জমিসহ প্রকল্পের যাবতীয় স্থাবর সম্পদ রেজিষ্টার্ড বন্ধক থাকবে। |
| | | (খ) ভাড়া করা স্থানের ক্ষেত্রে ঋণসীমা আবৃত করে ব্যাংকের নিকট গ্রহনযোগ্য সহায়ক জামানত। |
| | | (গ) প্রকল্প ঋণের ক্ষেত্রে কোন সহায়ক জামানতের প্রয়োজন নেই। তবে প্রকল্প ঋণ ব্যতীত মেয়াদী ঋণ ও চলতি মুলধন ঋণের ক্ষেত্রে প্রয়োজনীয় জামানত গ্রহন করতে হবে। |

*বিঃ দ্রঃ উদ্যোক্তা প্রকল্প/ব্যবসা এলাকার স্থায়ী বাসিন্দা না হলে সেক্ষেত্রে ক্ষুদ্র ও মহিলা উদ্যোক্তাদের জন্য ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রেও জামানত গ্রহন করতে হবে। সেক্ষেত্রে ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে প্রযোজ্য নিয়মানুযায়ী জামানত গ্রহন করতে হবে।*

২০. *সুদের হার ঃ*

(ক) প্রকল্প/মেয়াদী ঋণ ঃ ১২.০০% (ত্রৈমাসিক ভিত্তিক সুদ আরোপযোগ্য)।

(খ) চলতি মুলধন/নগদ ঋণ ঃ ১২.৫০% (ত্রৈ-মাসিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য)।

২১. *ঋণ মঞ্জুরী ক্ষমতা ঃ*

বর্তমানে প্রচলিত ব্যবসায়িক ক্ষমতা অনুযায়ী মঞ্জুরী কর্তৃপক্ষ স্ব স্ব মঞ্জুরী ক্ষমতার মধ্যে এসএমই খাতে ও প্রকল্প/মেয়াদী ঋণ এবং চলতি মুলধন/নগদ ঋণ মঞ্জুর করবেন। মঞ্জুরী কর্তৃপক্ষ ঋণ প্রক্রিয়াকরন/মূল্যায়নের পূর্বে চেক লিষ্টের সাথে মিলিয়ে নিশ্চিত হবেন যে, প্রয়োজনীয় সকল জামানত সংগ্রহ করা হয়েছে এবং প্রত্যেকটি কাগজ সঠিক আছে। এ বিষয়ে নিশ্চিত না হলে মঞ্জুরকারী কর্তৃপক্ষ ঋণ মঞ্জুর করবেন না। ঋণ মঞ্জুরের পূর্বে নিশ্চিত হতে হবে যে, ঋণাংক এবং ঋণ ঝুঁকি যথাযথভাবে নির্ধারন করা হয়েছে।

২২. *প্রধান কার্যালয় পর্যায়ে এসএমই ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরন ঃ*

প্রধান কার্যালয়ের মঞ্জুরী ক্ষমতার মধ্যে এসএমই ঋণ প্রস্তাবসমূহ (মেয়াদী/প্রকল্প ঋণ ও চলতি মুলধন ঋণ) প্রকল্প বাস্তবায়ন বিভাগের এসএমই সেলের মাধ্যমে প্রক্রিয়াকরন করতে হবে। সে মোতাবেক মাঠ কার্যালয় থেকে প্রধান কার্যালয়ের মঞ্জুরী ক্ষমতার মধ্যের সকল এসএমই ঋণ প্রস্তাব (মেয়াদী/প্রকল্প ঋণ ও চলতি মুলধন ঋণ) প্রধান কার্যালয়ের প্রকল্প বাস্তবায়ন বিভাগে প্রেরন করতে হবে।

২৩. *এসএমই ঋণের তহবিল ঃ*

ব্যাংকের সংশ্লিষ্ট অঞ্চল/বিভাগ এবং স্থানীয় মুখ্য কার্যালয়ের ক্ষেত্রে স্থানীয় মুখ্য কার্যালয় এসএমই খাতে অর্থায়নের প্রয়োজনীয় তহবিলের সংস্থান করবে।

২৪. *ঋণ বিতরন পদ্ধতি ঃ*

এসএমই ঋণ বিতরনে প্রতিটি বিতরনকৃত কিস্তির টাকার সদ্ব্যবহার যাচাই করে পরবর্তী কিস্তি বিতরনযোগ্য হবে। চলতি মুলধন ঋণ/ নগদ ঋণ বিতরনে ব্যাংকের বর্তমান প্রচলিত পদ্ধতি অনুসরন করতে হবে।

২৫. *যন্ত্রপাতি সংগ্রহের নীতিমালা ও পদ্ধতি ঃ*

ব্যাংক ঋণে ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) স্থাপনের জন্য স্থানীয়/আমদানীতব্য যন্ত্রপাতি সংগ্রহের ক্ষেত্রে ব্যাংকের প্রচলিত নীতিমালা অনুসরন করতে হবে। এক্ষেত্রে উদ্যোক্তাগন ইচ্ছা করলে ওপেন টেন্ডারের মাধ্যমে যন্ত্রপাতি সংগ্রহ করতে পারেন। অথবা ৩ জন ভিন্ন সরবরাহকারী/ইন্ডেন্টর থেকে প্রতিযোগিতামূলক কোটেশন/ইন্ডেন্ট/পি আই সংগ্রহ করে মেশিনারী নির্বাচন করতে পারেন।

২৬. *ঋণের পরিশোধসূচি ঃ*

(ক) মেয়াদী/প্রকল্প ঋণ ঃ

ব্যবসার উৎপাদন চক্র এবং তহবিল প্রবাহ বিবেচনায় মাসিক/ত্রৈ-মাসিক/ষান্মাসিক/বার্ষিক ভিত্তিতে পরিশোধসূচি নির্ধারিত হবে এবং পরিশোধের সর্বোচ্চ সময়সীমা গ্রেস পিরিয়ড বাদে ৫(পাঁচ) বছর হবে।

(খ) নগদ/চলতি মুলধন ঋণ ঃ

এ ঋণ ১(এক) বছর মেয়াদী হবে। বছরান্তে ব্যবসার অবস্থার নিরিখে এবং টার্নওভার বিবেচনায় ঋণ নবায়ন/বর্ধিত করা যাবে।

২৭. *গ্রেস পিরিয়ড ঃ*

এসএমই খাতের ঋণ পরিশোধের ক্ষেত্রে উদ্যোক্তাগন প্রায়শঃই গ্রেস পিরিয়ড কম বলে অভিযোগ করে থাকেন। সুতরাং এসএমই খাতে প্রকল্প ঋণ/মেয়াদী ঋণ প্রস্তাব মুল্যায়ন ও মঞ্জুরের সময় প্রকল্পের/শিল্পের উৎপাদনে যাওয়ার সময় অথবা ব্যবসার আয় উৎসরনের সময় বিবেচনা করে যুক্তিসংগত গ্রেস পিরিয়ড প্রদান করতে হবে, তবে তা সর্বোচ্চ ১(এক) বছর হবে।

২৮. *ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরনের সময়সীমা ঃ*

এসএমই ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরনের কাজ সম্পন্নের ক্ষেত্রে সংশ্লিষ্ট কার্যালয়সমূহের দায়িত্ব সাধারনতঃ নিম্নলিখিত সময়সীমার মধ্যে সম্পন্ন করতে হবে ঃ

| ক্রঃ নঃ | কার্যালয় | সর্বোচ্চ সময়সীমা |
|---|---|---|
| (১) | শাখা কার্যালয় | পূর্ণাংগ প্রস্তাব প্রাপ্তির পর সর্বোচ্চ ১৫ দিন |
| (২) | আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয় | পূর্ণাংগ প্রস্তাব প্রাপ্তির পর সর্বোচ্চ ১০ দিন |
| (৩) | কর্পোরেট শাখা | পূর্ণাংগ প্রস্তাব প্রাপ্তির পর সর্বোচ্চ ১৫ দিন |
| (৪) | বিভাগীয় কার্যালয় | পূর্ণাংগ প্রস্তাব প্রাপ্তির পর সর্বোচ্চ ১০ দিন |
| (৫) | স্থানীয় মুখ্য কার্যালয় | পূর্ণাংগ প্রস্তাব প্রাপ্তির পর সর্বোচ্চ ১৫ দিন |
| (৬) | প্রধান কার্যালয় | পূর্ণাংগ প্রস্তাব প্রাপ্তির পর সর্বোচ্চ ১৫ দিন |

যৌক্তিক কোন কারনে প্রক্রিয়াকরনে অতিরিক্ত সময় ক্ষেপন হলে তা উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

২৯. *উদ্যোক্তা নির্বাচন ও ঋণ প্রস্তাব মূল্যায়ন ঃ*

যথাযথ উদ্যোক্তা ও শিল্প নির্বাচনের উপরই নির্ভর করবে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের (এসএমই) উন্নয়ন ও ব্যাংকের ঋণ আদায়ের ভবিষ্যৎ। এ জন্য সরজমিনে তদন্তের পাশাপাশি ভালভাবে খোঁজ খবর নিয়ে অতীত কর্মকান্ডের তথ্য পরীক্ষা-নিরীক্ষা করে সঠিক উদ্যোক্তা ও সম্ভাবনাময় শিল্প নির্বাচন করতে হবে। উদ্যোক্তা নির্বাচনে উদ্যোক্তার অভিজ্ঞতা, বর্তমান আয় প্রবাহ, মোট সম্পদের বিপরীতে মোট দায় বিবেচনা করে আর্থিক স্বচ্ছলতা মূল্যায়ন করতে হবে এবং উদ্যোক্তার বয়স ৫৫ বছরের বেশী হলে ভবিষ্যৎ উত্তরাধিকারী যারা হবেন তাদের যোগ্যতাসহ প্রকল্প/ব্যবসা পরিচালনায় আগ্রহের বিষয়টি বিবেচনায় রাখতে হবে। ঋণ প্রস্তাব মূল্যায়নের সময় শিল্পের কারিগরী, বাজারজাতকরন, আর্থিক, অর্থনৈতিক ও প্রাতিষ্ঠানিক/ব্যবস্থাপনাগত দিকসহ সংশ্লিষ্ট শিল্প বিকাশের সম্ভাবনা গভীরভাবে বিশ্লেষন ও মূল্যায়নপূর্বক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে।

৩০. *ঋণ আবেদনপত্রের সাথে প্রদেয় কাগজপত্রের তালিকা (চেকলিষ্ট) ঃ*

ব্যাংকের প্রচলিত নিয়মাচার মোতাবেক চেকলিষ্ট অনুযায়ী এসএমই ঋণ আবেদন পত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে। প্রয়োজনীয় কাগজপত্রের চেকলিষ্ট সংযোজনী-'ঘ' তে সন্নিবেশিত হলো।

৩১. *এসএমই ঋণে ব্যবহৃতব্য ফরম, মূল্য ও ফি ঃ*

(ক) ঋণ আবেদন ফরমের অফেরতযোগ্য মূল্য (সময়ে সময়ে পরিবর্তনযোগ্য) ঃ

| ক্রঃ নঃ | ঋণের ধরন | দরখাস্ত কপির সংখ্যা | ফরম নং | প্রতি কপি মুল্য |
|---|---|---|---|---|
| (১) | প্রকল্প/মেয়াদী ঋণ | ২-৪ কপি | এল,এফ-৪ | ৫০০/- |
| (২) | নগদ/চলতি মুলধন ঋণ ঃ | | | |
| | (ক) ৫০,০০০/- টাকার উর্ধ্বে | ২-৪ কপি | এল,এফ-৮ | ৫০০/- |
| | (খ) ৫০,০০০/- টাকা | ২ কপি | এল,এফ-৮(ক) | ৫০/- |

(খ) দরখাস্ত ফি (অফেরতযোগ্য) ঃ

| ক্রঃ নঃ | এসএমই ঋণের পরিমান | ফি |
|---|---|---|
| (১) | ৫০,০০০/- টাকার জন্য | প্রতি হাজারে ২/- টাকা |
| (২) | ৫০,০০১/- টাকা হতে ১.০০ লক্ষ টাকা পর্যন্ত | প্রতি হাজারে এবং উহার ভগ্নাংশের জন্য ৩/- টাকা |
| (৩) | ১.০০ লক্ষ টাকার উর্ধ্বে | প্রথম ১.০০ লক্ষ টাকার জন্য ৪০০/- টাকা এবং ১.০০ লক্ষ টাকার অতিরিক্ত পরিমানের জন্য প্রতি হাজারে অথবা উহার ভগ্নাংশের জন্য ১.৫০ টাকা। |

(গ) মূল্যায়ন ফি (অফেরতযোগ্য) ঃ

৫.০০ লক্ষ টাকা পর্যন্ত কোন প্রকল্প/মেয়াদী ঋণের ক্ষেত্রে মূল্যায়ন ফি'র প্রয়োজন নেই। ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে প্রকল্প/ মেয়াদী ঋণের ক্ষেত্রে মঞ্জুরীকৃত টাকার শতকরা ১ ভাগের $\frac{১}{৮}$ অংশ অর্থাৎ, ০.১২৫% হারে মূল্যায়ন ফি ঋণের টাকা বিতরনের পূর্বে জমা দিতে হবে।

(ঘ) তল্লাশী ফি ঃ

এসএমই ঋণের ক্ষেত্রে ঋণ বিতরনের পূর্বে প্রযোজ্য ক্ষেত্রে বন্ধকী জামানতী সম্পত্তির তল্লাশী ফি নিম্নবর্ণিত হারে গ্রহন করতে হবে ঃ

| ক্রঃ নঃ | এসএমই ঋণের পরিমান | ফিসের হার |
|---|---|---|
| (১) | ৫০,০০০/- টাকা হতে ১,০০,০০০/- টাকা পর্যন্ত | ২০০.০০ টাকা |
| (২) | ১,০০,০০১/- টাকা হতে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত | ৫০০.০০ টাকা |
| (৩) | ৫,০০,০০০/- টাকার উর্ধ্বে | ২,০০০.০০ টাকা |

৩২. *সর্বোচ্চ ঋণসীমা নির্নয় ঃ*

ব্যাংক ও উদ্যোক্তার নিজস্ব অর্থায়নে স্থাপিত/স্থাপিতব্য এসএমই/শিল্পের বেলায় (শিল্পজ ঋণ ও অশিল্পজ/চলতি মুলধন ঋণ প্রদানের ক্ষেত্রে) গ্রহনযোগ্য জমি, দালানকোঠা ও যন্ত্রপাতির মূল্যের বিপরীতে সর্বোচ্চ ঋণসীমা নিম্নরূপ ঃ

| ক্রঃ নঃ | জামানতী সম্পত্তি ধরন | এমসিএল এর হার |
|---|---|---|
| (১) | কৃষি জমি (একক মালিকানাধীন) | ৯০% |
| (২) | কৃষি জমি (যৌথ মালিকানাধীন) | ৭৫% |
| (৩) | শহুরে জমি ও দালানকোঠা (একক ও অংশীদারিত্ব) | ৯০% |
| (৪) | যন্ত্রপাতি | ৭৫% |

৩৩. *ঋণের আবেদনপত্র গ্রহন ও প্রক্রিয়াকরন ঃ*

এসএমই ঋণের আবেদনপত্র দাখিল/গ্রহন এবং আবেদনপত্র/ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরনের ক্ষেত্রে ব্যাংকের প্রকল্প ঋণ ও চলতি মুলধন ঋণের ক্ষেত্রে প্রচলিত পদ্ধতি অনুসরন করতে হবে। তবে লক্ষ্য রাখতে হবে যে, ঋণ আবেদন পত্র গ্রহন থেকে শুরু করে ঋণ মঞ্জুরী ও বিতরন প্রক্রিয়া যেন যথাসম্ভব দ্রুততার সাথে সম্পন্ন হয়।

৩৪. *প্রশিক্ষণ কর্মসূচি ঃ*

ব্যাংকের এসএমই কার্যক্রম সফলতার সাথে পরিচালনার জন্য দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে প্রধান কার্যালয়ের এসএমই সেল ও ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক ব্যাংকের কর্মকর্তা কর্মচারীদের জন্য নিয়মিত প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহন করতে হবে। বাংলাদেশ কৃষি ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট এর বার্ষিক প্রশিক্ষণ কর্মসূচির মধ্যে এসএমই ঋণের উপর প্রশিক্ষনের বিষয়টি অন্তর্ভূক্ত করতে হবে। তাছাড়া, এসএমই উদ্যোক্তাদের জন্যও তাদের উপযোগী করে ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক প্রশিক্ষনের ব্যবস্থা করতে হবে। প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকসহ BIBM, DCS, FBCCI, NASCIB, BWCCI, SME Foundation এর মত এসএমই উন্নয়নের সাথে জড়িত প্রতিষ্ঠানের সহায়তা নেয়া যেতে পারে।

৩৫. *এসএমই ঋণ কার্যক্রম মনিটরিং ঃ*

মাঠ পর্যায়ে বাস্তবায়িতব্য যে কোন কার্যক্রমের সাফল্যের জন্য মনিটরিং অত্যন্ত গুরুত্বপূর্ণ। এসএমই ঋণ কার্যক্রমের সফল বাস্তবায়নের জন্য কৃষি ঋণের মতো প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় পর্যায়ে তিন স্তর বিশিষ্ট মনিটরিং কাঠামোর মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকের এসএমই ঋণ কার্যক্রম মনিটরিং করতে হবে।

৩৫.০১. *এসএমই ঋণ কার্যক্রম মনিটরিং এর উদ্দেশ্য ঃ*

(১) সামগ্রিকভাবে এসএমই ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা অর্জন;

(২) শিল্পায়নে খাত ভিত্তিক উন্নয়ন যেমন- শিল্প ও সেবা খাতের অধিক প্রসার, নারী উদ্যোক্তাদের সংখ্যা বৃদ্ধি ও উন্নয়ন, জেলা ভিত্তিক কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন;

(৩) ক্ষুদ্র উদ্যোক্তারা যাতে হয়রানিমুক্তভাবে প্রয়োজনীয় পরিমান ঋণ পায়;

(৪) নারী উদ্যোক্তাদেরকে প্রয়োজনীয় ঋণ প্রদান করছে কি না সে ব্যাপারে বিশেষ দৃষ্টি প্রদান;

(৫) এরিয়া এপ্রোচ এবং ক্লাষ্টার ভিত্তিতে ঋণ প্রদানের ব্যবস্থা নিশ্চিতকরণ;

(৬) তারল্য সংকট মোকাবেলায় এ খাতে প্রদত্ত ঋণের সন্তোষজনক আদায়;

৩৫.০২. *মনিটরিং পদ্ধতি ঃ*

*(ক) প্রধান কার্যালয়ে মনিটরিং ঃ*

(১) এসএমই ঋণ মঞ্জুরী ও বিতরনে অধিকতর নিষ্ঠা, দক্ষতা ও গতিশীলতা আনয়নে ব্যাংকের প্রধান কার্যালয়ে সংশ্লিষ্ট বিভাগ/এসএমই সেলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।

(২) এসএমই ঋণ বিতরন কার্যক্রম মনিটরিং, নতুন নুতন পদক্ষেপ গ্রহন এবং মাঠ পর্যায়ে উদ্ভুত সমস্যার দ্রুত সমাধানের ব্যবস্থা গ্রহন করতে হবে।

(৩) বার্ষিক/ষান্মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে অনুষ্ঠিতব্য বিভাগীয় মহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকদের সম্মেলনে এসএমই ঋণ বিতরন সংক্রান্ত বিষয়ে পর্যালোচনা করা হবে।

(৪) এসএমই ঋণ বিতরন ও আদায়ের সাফল্যের ভিত্তিতে আঞ্চলিক/শাখা পর্যায়ের কর্মকর্তাদের পুরস্কৃত করা হবে।

(৫) এসএমই ঋণের সংগে সংশ্লিষ্ট কর্মকর্তাগনের সক্ষমতা গড়ে (capacity building) তোলার জন্যে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হবে।

(৬) বিভাগীয় কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও শাখাগুলোর কার্যক্রম নিবিড়ভাবে পরিবীক্ষনের জন্যে আধুনিক তথ্য প্রযুক্তি বিশেষ করে মোবাইল ফোন, ই-মেইল ইত্যাদির ব্যবহার কিভাবে বৃদ্ধি করা যায় সে বিষয়েও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) *বিভাগীয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে মনিটরিং কার্যক্রম ঃ*

(১) শাখা পর্যায়ে এসএমই ঋণ বিতরন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন হচ্ছে কি না তা বিভাগীয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় পর্যায়ে মনিটর করতে হবে। এতদ্‌উদ্দেশ্যে উল্লেখিত কার্যালয়সমুহে গঠিত এসএমই ঋণ মনিটরিং ইউনিটের/এসএমই সেলের সদস্যবৃন্দ তাদের স্ব স্ব আওতাধীন এলাকায় সময় সময় গমন করে লক্ষ্যমাত্রা অনুযায়ী এসএমই ঋণ বিতরন করা হচ্ছে কি না তা পর্যবেক্ষন করবেন।

(২) বিভাগীয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়গুলো ব্যাংকের উর্ধ্বতন কর্তৃপক্ষ ও শাখাগুলোর মধ্যে সমন্বয়ের দায়িত্ব পালন করবে।

(৩) নিয়মিত মনিটরিং এর জন্যে বিভাগীয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় মনিটরিং ইউনিটের কর্মকর্তাগন তাদের অধীন শাখাসমূহের কর্মকর্তাদের নিয়ে সময় সময় সভা করবেন, এসএমই ঋণ গ্রহণেচ্ছু উদ্যোক্তাগণ ঋণ গ্রহণকালে যাতে অযথা হয়রানির শিকার না হন সে বিষয়ে সময় সময় শাখা পর্যায়ে গমন করে তদারকি করবেন, এসএমই ঋণ সংক্রান্ত কোন অভিযোগ অবহিত হয়ে থাকলে তা তাৎক্ষনিকভাবে নিস্পত্তি করবেন, শাখাকে প্রয়োজনীয় দিক নির্দেশনা এবং শাখার বিদ্যমান সমস্যাসমূহ সমাধানে সহায়তা করবেন।

ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের স্বার্থে গৃহীত এসএমই ঋণ নীতিমালা বাস্তবায়নে কেন্দ্রীয় ব্যাংকের মনিটরিং কার্যক্রমকে আরও কার্যকর করতে ব্যাংলাদেশ ব্যাংকের উদ্যোগে ব্যাপক মনিটরিং কৌশল/পদ্ধতি অবলম্বন করা হয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংকের এসএমই ও স্পেশাল প্রোগ্রামস বিভাগে একটি 'এসএমই ঋণ মনিটরিং' সেল গঠন করা হয়েছে। উক্ত মনিটরিং সেল থেকে এসএমই ঋণ নীতিমালা ও ঋণ নিয়মাচার অনুযায়ী প্রকৃত উদ্যোক্তারা সময়মত এসএমই ঋণ পাছে কি না, ঋণ পেতে কোন হয়রানির শিকার হচ্ছে কি না এবং এসএমই ঋণের নির্ধারিত লক্ষ্যমাত্রা পুরোপুরি অর্জিত হচ্ছে কি না তা মনিটরিং করা হবে। সেই লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের এসএমই ঋণ মনিটরিং সেলে বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রধান কার্যালয়, মাঠ পর্যায়ের নিয়ন্ত্রনকারী কার্যালয় ও সকল শাখা ব্যবস্থাপকসহ এসএমই ঋণ কার্যক্রম সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ও উইমেন এন্টারপ্রেনার ডেডিকেটেড ডেস্ক (নারী উদ্যোক্তাদের জন্য বিশেষ পরামর্শ ও সেবা কেন্দ্র) কর্মকর্তার মোবাইল নম্বর সংরক্ষিত থাকবে এবং সেখান থেকে সরাসরি মনিটরিং করা হবে। সেই সাথে উক্ত সেল এতদসংক্রান্ত যে কোন অভিযোগের ব্যাপারে তদন্ত সাপেক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।

৩৬. *শাখা পর্যায়ে বিশেষ করনীয় ঃ*

এসএমই ঋণ বিতরন কর্মসূচির সিংহভাগ সাফল্য নির্ভর করছে ব্যাংক শাখাগুলোর সাফল্যের (performance) ওপর। ফলে শাখাগুলোকে এসএমই ঋণ মঞ্জুরী ও বিতরনের ক্ষেত্রে গতিশীল ভূমিকা পালন করতে হবে। এসএমই ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে ব্যাংক শাখাগুলো নিম্নরূপ কার্যক্রম সম্পাদন করবে ঃ

(ক) শাখা ব্যবস্থাপকগণ কর্তৃক মাঠ পর্যায়ে এসএমই ঋণের চাহিদা ও ঋণ বিতরনের scope মূল্যায়ন/নির্ধারন এবং তদানুযায়ী ঋণ বিতরণের ব্যবস্থাকরণ;

(খ) প্রত্যেক ব্যাংক শাখা হতে ক্ষুদ্র নারী উদ্যোক্তা খাতে এসএমই ঋণ প্রদানের বিশেষ উদ্যোগ গ্রহণ;

(গ) উদ্যমী ও সফল ক্ষুদ্র উদ্যোক্তাগণকে খুঁজে বের করে তাদেরকে ঋণ প্রদানের বিশেষ উদ্যোগ গ্রহণ;

(ঘ) এসএমই ঋণ সংক্রান্ত প্রয়োজনীয়/ব্যাপক প্রচারের মাধ্যমে উদ্যোক্তাদের উদ্বুদ্ধকরণ;

(ঙ) আগ্রহী ও যোগ্য/প্রকৃত উদ্যোক্তাগণকে সহজে এবং সময়মত স্বচ্ছ প্রক্রিয়ায় এসএমই ঋণ প্রদানের ব্যবস্থা গ্রহণ;

(চ) বিতরনকৃত ঋণের সদ্ব্যবহার যাচাইকরণ;

(ছ) এসএমই ঋণ আদায় তদারকি জোরদারকরণ।

৩৭. *এসএমই ঋণ বিতরণকালে গ্রাহকের মোবাইল ফোন নম্বর সংরক্ষন ঃ*

এসএমই ঋণ বিতরণ কার্যক্রমে মাঠ পর্যায়ে সুষ্ঠু মনিটরিং এর উদ্দেশ্যে সহজে যোগাযোগ স্থাপনের জন্যে শাখা পর্যায়ে প্রতিটি ঋণ গ্রহীতার নথিতে তাঁর মোবাইল ফোন নম্বর (নিজস্ব ফোন না থাকলে নিকটস্থ কোন প্রতিবেশী বা আত্নীয়ের মোবাইল নম্বর অনুরোধে উল্লেখপূর্বক) সংরক্ষন করতে হবে। এরূপ সকল এসএমই ঋণ গ্রহীতার ফোন নম্বরের ডাইরেক্টরীও শাখা পর্যায়ে সংরক্ষন করতে হবে।

৩৮. *তথ্যের সহজলভ্যতা ঃ*

এসএমই খাতে প্রদত্ত ঋণ সুবিধার বিস্তারিত তথ্য ব্যাংকের ওয়েবসাইট ও প্রত্যেক শাখায় জনসাধারণের সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শন (display) করতে হবে। ব্যাংকের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ এসএমই এর ওপর খাতভিত্তিক (শিল্প/পণ্য) ঋণ প্রবাহের পরিসংখ্যান, তাদের খেলাপীর হার হ্রাস, কর্মসংস্থান সৃষ্টির পরিসংখ্যান ইত্যাদি তথ্য সংরক্ষন করবে। এরূপ তথ্য সরকার কর্তৃক গৃহীত বিদ্যমান এসএমই নীতিমালার কার্যকারিতা পরিমাপে সহায়ক ভূমিকা পালন করবে এবং একই সাথে ভবিষ্যতে এসএমই নীতিমালার উন্নয়নে নিয়ামক হিসেবে সহায়তা করবে।

৩৯. *প্রনোদনা ঃ*

শহর এলাকায় এসএমই ঋণ কেন্দ্রীভূত না করে গ্রামীণ এলাকায় এসএমই খাতে অর্থায়ন সম্প্রসারিত করা এবং সামগ্রিকভাবে এসএমই খাতে ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা অর্জনে সফলতাকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংকের নতুন শাখা খোলা, অনুমোদিত ডিলার শাখা ও বিদেশে এক্সচেঞ্জ হাউজ খোলার ক্ষেত্রে অন্যতম ইতিবাচক মাপকাঠি হিসেবে বিবেচনা করা হবে। এ বিষয়টির দিকে খেয়াল রেখে গ্রামীণ এলাকায় এসএমই ঋণ বিতরনের উপর জোর দেয়াসহ এসএমই ঋণের লক্ষ্যমাত্রা অর্জনে শাখাগুলিকে সচেষ্ট হতে হবে।

৪০. *বিবরনী প্রেরন ঃ*

এসএমই ঋণ সংক্রান্ত তথ্য বাংলাদেশ ব্যাংক, বিভিন্ন মন্ত্রনালয়সহ সরকারের বিভিন্ন সংস্থাকে সরবরাহ করার প্রয়োজন হয়। সেজন্য এসএমই ঋণ বিতরন ও আদায় সংক্রান্ত তথ্যাদি যথাসময়ে প্রধান কার্যালয়ে প্রেরণ অত্যন্ত জরুরী বিধায় শাখা এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ও বিভাগীয় কার্যালয়সমূহ নিম্নরূপে ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত ছক (সংযোজনী-ঙ) অনুযায়ী বিবরণী/একীভূত বিবরণী প্রেরণ করবে ঃ

(ক) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের নিয়ন্ত্রনাধীন শাখা সংযোজনী- 'ঙ' এ প্রদত্ত ছক মোতাবেক বিবরণী প্রস্তুতপুর্বক সংশ্লিষ্ট ত্রৈ-মাসিকের পরবর্তী মাসের ৫ কর্মদিবসের মধ্যে স্ব স্ব মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে;

(খ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় একীভূত বিবরনী সংশ্লিষ্ট ত্রৈ-মাসিকের পরবর্তী মাসের ১০ কর্মদিবসের মধ্যে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরন করবে এবং বিভাগীয় কার্যালয়ে অনুলিপি প্রেরণ করবে। স্থানীয় মুখ্য কার্যালয় তাদের বিবরনী সংশ্লিষ্ট ত্রৈ-মাসিকের পরবর্তী মাসের ৭ কর্মদিবসের মধ্যে সরাসরি প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরন করবে।

(গ) বিভাগীয় কার্যালয়ের নিয়ন্ত্রনাধীন কর্পোরেট শাখাসমূহ তাদের বিবরণী সংশ্লিষ্ট ত্রৈ-মাসিকের পরবর্তী মাসের ৫ কর্মদিবসের মধ্যে বিভাগীয় কার্যালয়ে প্রেরন করবে এবং বিভাগীয় কার্যালয় একীভূত বিবরনী সংশ্লিষ্ট ত্রৈ-মাসিকের পরবর্তী ১০ কর্মদিবসের মধ্যে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরন করবে;

(ঘ) প্রধান কার্যালয়ের এসএমই ঋণ সংশ্লিষ্ট বিভাগ একীভূত বিবরনী সংশ্লিষ্ট ত্রৈ-মাসিকের পরবর্তী মাসের ১৫ কর্মদিবসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের এসএমই ডিপার্টমেন্টে প্রেরণ করবে।

৪১. *এসএমই ঋণের রিপোর্টিং ঃ*

এসএমই ঋণের রিপোর্টিং এর ক্ষেত্রে এসএমই খাতে প্রদত্ত প্রকল্প/মেয়াদী এবং চলতি মুলধন/নগদ ঋণ উভয় প্রকার ঋণই এসএমই খাতে রিপোর্টিং করতে হবে।

৪২. *ঋণের একাধিকতা নিরোধ ঃ*

